# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯৮৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৮4]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الِافْتِتَاحِ)

পরিচ্ছেদঃ ৬২: মাগরিবের সালাতে কিসারে মুফাসসাল পড়া

باب القراءة في المغرب بقصار المفصل

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ، قال: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْحَارِثِ، عَنِ الضَّحَّاكِ بْنِ عُثْمَانَ، عَنْ بُكَيْرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْأَشَجِّ، عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قال: مَا صَلَّيْتُ وَرَاءَ أَحَدٍ أَشْبَهَ صَلَاةً بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ فُلَانٍ فَصَلَّيْنَا وَرَاءَ ذَلِكَ الْإِنْسَانِ وَكَانَ يُطِيلُ الْأُولَيَيْنِ مِنَ الظُّهْرِ وَيُخَفِّفُ فِي الْأُخْرَيَيْنِ وَيُخَفِّفُ فِي الْعَصْرِ وَيَقْرَأُ فِي الْمَغْرِبِ بِقِصَارِ الْمُفَصَّلِ وَيَقْرَأُ فِي الْعِشَاءِ بِالشَّمْسِ وَضُحَاهَا وَأَشْبَاهِهَا وَيَقْرَأُ فِي الصُّبْحِ بِسُورَتَيْنِ طَوِيلَتَيْنِ .

تخريج دارالدعوه: انظر ما قبله (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 984 ـ صحيح

বাংলা

৯৮৩. ’উবায়দুল্লাহ ইবনু সাঈদ (রহ.) ..... আবূ হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি এমন কোন ব্যক্তির পশ্চাতে সালাত আদায় করিনি যার সালাত অমুক ব্যক্তির সালাতের চেয়ে রাসূলুল্লাহ (সা.)-এর সালাতের সাথে অধিক সামঞ্জস্যপূর্ণ। অতঃপর আমরা ঐ ব্যক্তির পশ্চাতে সালাত আদায় করলাম। তিনি যুহরের প্রথম দু’ রাক’আত লম্বা করতেন, পরের দু’ রাকআত সংক্ষিপ্ত করে আদায় করতেন। আসরের সালাতও সংক্ষিপ্ত করে আদায় করতেন। আর মাগরিবে কিসারে মুফাসসাল পাঠ করতেন। আর ’ইশার সালাত আদায় করতেন “ওয়াশ শামসি ওয়াযুহা-হা" এবং এর মতো সূরাহ দ্বারা। আর ফজরের সালাতে দু’টি দীর্ঘ সূরাহ্ পাঠ করতেন।

## English

62. Reciting The Short Mufassal Surahs In Maghrib

It was narrated that Abu Hurairah said: I have never prayed behind anyone whose prayer more closely resembled that of the Messenger of Allah (ﷺ) than so-and-so. We prayed behind that person and he used to make the first two rak'ahs of Zuhr lengthy and the last two shorter, and he would make 'Asr shorter; in Maghrib he would recite the short Mufassal surahs. In Isha' he recited: 'By the sun and its brightness and similar surahs, and in subh he recited two lengthy surahs.

## ফুটনোট

সহীহ: নাসায়ী’র “সুনানুল কুবরা' ১০৫৪, ইবনু মাজাহ ৮২৭, মুসনাদে আহমাদ ১০৮৯৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87357

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন